ঝিনাইদহে নাশকতা মামলায় স্বেচ্ছাসেবক লীগ নেতা গ্রেফতার

ঝিনাইদহ জেলা বিএনপির দলীয় কার্যালয়ে অগ্নিসংযোগ মামলায় উপজেলা স্বেচ্ছাসেবক লীগ নেতা রেজাউল করিম কে গ্রেফতার করেছে র্যাব।

আজ মঙ্গলবার (১০ সেপ্টেম্বর) ভোরে সদর উপজেলার মহিষাকুন্ডু এলাকা থেকে তাকে আটক করা হয়। গ্রেপ্তারকৃত রেজাউল করিম ঝিনাইদহ সদর উপজেলার ধোপাবিলা গ্রামের আমজাদ হোসেনের ছেলে। এ ছাড়াও সাবেক ইউপি চেয়ারম্যান ও আওয়ামী লীগ নেতা আশরাফুল আলম এর ছোট ভাই।

ঝিনাইদহ র্যাবের মেজর নাঈম আহমেদ জানান, নাশকতা মামলার আসামী রেজাউল মহিষাকুন্ডু এলাকায় অবস্থান করছে এমন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়। দুপুরে তাকে ঝিনাইদহ সদর থানায় সোপর্দ করা হয়। রেজাউল করিমের বিরুদ্ধে দীর্ঘদিন ধরে এলাকায় সন্ত্রাসী কর্মকান্ড, সরকারি চাকুরী দেওয়ার কথা বলে মানুষের সাথে প্রতারনা করাসহ বহু অভিযোগ ও মামলা রয়েছে বলেও জানায় র্যাব।

মহেশপুরে দখলকৃত খাল পুনরুদ্ধার ও খননের দাবীতে কৃষকদের মানববন্ধন

ঝিনাইদহের মহেশপুরে দখল হওয়া পুনরুদ্ধার করে খননের দাবীতে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে। আজ মঙ্গলবার সকালে উপজেলার গজারিয়া গ্রামের মাঠে এ কর্মসূচীর আয়োজন করে দুর্গাপুর বেগমপুরের কৃষক, মৎস্যজীবী ও এলাকাবাসী। এতে ব্যানার ফেস্টুন

নিয়ে দুর্গাপুর-বেগমপুরসহ আশপাশের ৫ টি গ্রামের কয়েক’শ মানুষ অংশ নেয়।

কর্মসূচীতে স্থানীয় বাসিন্দা জাহিদ হোসেন, সাজেদুল ইসলাম, সিরাজুল ইসলাম, আব্দুল মালেক, লাল মোহাম্মদ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তারা অভিযোগ করে বলেন, গ্রামের মাঠের পদ্মবিল খালটি দীর্ঘদিন ধরে প্রভাবশালী মহল দখল করে আছে। দখলের কারণে খালের পানি প্রবাহ বন্ধ থাকায় ফসল আবাদে সমস্যার সম্মুখিন হচ্ছে তারা। তাই দ্রুত দখল হওয়া খাল উদ্ধার করে পুন খননের দাবী জানান তারা।

কালীগঞ্জে জমি বিক্রির কথা বলে টাকা আত্মসাৎ, ভুক্তভোগীর সংবাদ সম্মেলন

ঝিনাইদহের কালীগঞ্জে জমি বিক্রির কথা বলে টাকা নিয়ে আত্মসাৎ করেছে এক প্রতারক। জমি রেজিস্ট্রি না করে উল্টো ক্রেতাদের হুমকি দিচ্ছে বলেও অভিযোগ উঠেছে। এ ঘটনায় প্রতিকার চেয়ে সংবাদ সম্মেলন করেছে ভুক্তভোগী পরিবার।

আজ মঙ্গলবার দুপুরে ঝিনাইদহ শহরের একটি কমিউনিটি সেন্টারে এ সংবাদ সম্মেলন করে উপজেলা শিবনগর গ্রামের ভুক্তভোগী সৌদিয়া পারভীন পান্না।

সংবাদ সম্মেলন থেকে তিনি অভিযোগ করা হয়, ২০২৩ সালে শিবনগর এলাকার মুসা মন্ডলের মেয়ে পারভীন বেগম পারুলের কাছ থেকে সৌদিয়া পারভীন পান্নার পিতা আব্দুস সাত্তার শিবনগর মৌজার ৫২৭নং দাগ থেকে ৪ শতক জমি ক্রয় করার জন্য ১২ লক্ষ ৪০ হাজার টাকা বায়না করেন। স্বাক্ষীদের উপস্থিতিতে সেটি লিখিত স্ট্যাম্প করা হয়। জমিটির মোট মূল্য নির্ধারণ করা হয় ১৪ লাখ টাকা। এরপর জমি রেজিস্ট্রি করতে চাইলে বিভিন্ন তালবাহান শুরু করে প্রতারক পারুল।

রেজিস্ট্রির দিন ধার্য করা হলে জমি রেজিস্ট্রি করে না দিয়ে ঢাকায় পালিয়ে যায়। গত সংসদ নির্বাচনের সময় বাড়িতে এলে তাকে জমি রেজিস্ট্রি করে দিতে বললে তিনি দিতে অস্বীকার করেন।

ভুক্তভোগী সৌদিয়া পারভীন পান্না অভিযোগ করে বলেন, আমরা উপায় না পেয়ে আদালতে মামলা করেছি। মামলা দায়েরের পর থেকে আমাদের নানা ভাবে হুমকি ধামকি দিচ্ছে। স্বাক্ষীদের বাড়িতে গিয়ে আদালতে না যেতে হুমকি দিচ্ছে। এমনকি একজন স্বাক্ষীর জমির ফসলও নষ্ট করে দিয়েছে। আমরা হুমকিদাতাদের বিরুদ্ধে থানায় লিখিত অভিযোগ দিয়েছি কিন্তু তার কোন প্রতিকার পায়নি। আমরা চাই আমাদের ন্যায্য দাবী বাকী টাকা নিয়ে আমাদের জমি রেজিস্ট্রি করে দিক।

সাংবাদিক সম্মেলনে ভুক্তভোগী সৌদিয়া পারভীন পান্নার পিতা আব্দুস সাত্তার, ভাই ফারুক হোসেন বোন জামাই শেখ আক্তারুজ্জামানসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

এ ব্যাপারে অভিযুক্ত পারুল বলেন ‘আমার সময় হলে আমি জমি রেজিস্ট্রি করে দিব বলে কল কেটে দেন।

কোটচাঁদপুরে কৃষকদের মাঝে বিনামূল্যে কৃষি উপকরণ বিতরণ

ফসলের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কোটচাঁদপুরে কৃষকদের মাঝে বিনামূল্যে কৃষি উপকরণ বিতরণ করেছেন স্থানীয় কৃষি অফিস। আজ সোমবার সকালে স্থানীয় কৃষি অফিসের সামনে থেকে এ সব উপকরণ দেয়া হয়।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়,ফসলের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কোটচাঁদপুরে কৃষকদের মাঝে বিনামূল্যে কৃষি উপকরণ বিতরণ করেন স্থানীয় কৃষি অফিস। যার মাসকলাই ও গ্রীষ্মকালীন পেঁয়াজের বীজ।

২০২৪-২৫ অর্থবছরে খরিপ-২ মৌসুমে প্রণোদনা কর্মসূচির আওতায় ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষকদের মাঝে এ সব তুলে

দেয়া হয়।

এ সময় উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা উছেন মে, কৃষি কর্মকর্তা রাজিবুল হাসান, মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার,কৃষি সম্প্রসারণ কর্মকর্তা মোঃ টিপু সুলতান।

এ ছাড়া উপস্থিত ছিলেন, উপকারভোগী কৃষক ও উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারীরা।

ঝিনাইদহে ছাত্রদের তোপের মুখে হাসপাতাল ছাড়লেন তত্ত্বাবধায়ক

ঝিনাইদহ সদর হাসপাতালের তত্ত্বাবধায়ক ডাঃ সৈয়দ রেজাউল ইসলাম ১০ দিনের ছুটি নিয়ে কর্মস্থল ছেড়েছেন। আজ সোমবার (৯ সেপ্টেম্বর) দুপুরে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের তোপের মুখে তিনি ঝিনাইদহ ছাড়তে বাধ্য হন।

তত্ত্বাবধায়ক ডাঃ সৈয়দ রেজাউল ইসলামের বিরুদ্ধে ফ্যাসিবাদী শক্তিকে মদদ দেওয়া, হাসপাতালের খাবার ও কেনাকাটায় দুর্নীতি, স্বজনপ্রীতি ও টেন্ডারবাজীর অভিযোগ ছিল দীর্ঘদিনের। এ সব অভিযোগের প্রেক্ষিতে তত্ত্বাবধায়ক ডাঃ সৈয়দ রেজাউল ইসলামকে একাধিকবার বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের কর্মীরা সতর্ক করেন। রোববার হাসপাতাল এলাকায় সাইকেল স্ট্যান্ডের ইজারা বাবদ এক নারী ঠিকাদারের কাছ থেকে এক লাখ ১০ হাজার টাকা ঘুষ গ্রহন করেন।

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক আব্দুল্লাহ আল মামুন জানান, তত্ত্বাবধায়ক ডাঃ সৈয়দ রেজাউল ইসলাম এর আগের কর্মস্থলে দুর্নীতির দায়ে বদলী হন। ঝিনাইদহে যোগদানের পর থেকে তিনি ওষুধ কেনাকাটা, খাবারের টেন্ডার, হাসপাতালের মেরামত ও নির্মানে দুর্নীতির আশ্রয় গ্রহন করেন। তিনি আরো জানান, ১৫ বছর ধরে আওয়ামী ফ্যাসিবাদী শক্তি হাসপাতালের রোগীদের খাবার টেন্ডারের মাধ্যমে সরবরাহ করছে। এবছরও তাকেই কারসাজি করে টেন্ডার দেন। এছাড়া হাসপাতালের বিভিন্ন খাত থেকে তিনি মাসিক ঘুষ গ্রহন করতেন বলেও

অভিযোগ। এ সব বিষয়ে অভিযোগের প্রেক্ষিতে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের তোপের মুখে তিনি ঝিনাইদহ ছাড়তে বাধ্য হন।

তবে তার অনুপস্থিতিতে শিশু বিশেণজ্ঞ চিকিৎসক ডাঃ আনোয়ারুল ইসলাম ভারপ্রাপ্ত তত্ত্বাবধায়কের দায়িত্ব পালন করবেন বলে খুলনা বিভাগীয় স্বাস্থ্য কর্মকর্তার দপ্তর সুত্রে জানা গেছে।

দূর্গা পূজা উদযাপন উপলক্ষে বিএনপির সাথে সনাতন ধর্মাবলম্বীদের মতবিনিময় সভা

শারদীয় দুর্গাপূজা উপলক্ষ্যে ঝিনাইদহ জেলা বিএনপি’র সাথে সনাতন ধর্মাবলম্বীদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল রোববার দুপুরে শহরের কুটুম কমিউনিটি সেন্টারে এ অনুষ্ঠানের আয়োজন করে জেলা বিএনপি।

সেসময় জেলা বিএনপি’র সভাপতি এ্যাড. এমএ মজিদ, সিনিয়র সহ-সভাপতি মুন্সী কামাল আজাদ পান্নু, সাধারন সম্পাদক জাহিদুজ্জামান মনা, যুগ্ম-সাধারন সম্পাদক আব্দুল মজিদ বিশ্বাস, আসিফ ইকবাল মাখন, সাংগঠনিক সম্পাদক সাজেদুর রহমান পপ্পু, সদর থানা বিএনপি’র সাধারন সম্পাদক আলমগীর হোসেন, সদর পৌরসভা বিএনপি’র সাধারন সম্পাদক মাহবুবুর রহমান শেখর, হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের সভাপতি নারায়ন চন্দ্র বিশ্বাসসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সভায় আসন্ন শারদীয় দুর্গোৎসব নির্বিঘ্নে পালনে সনাতন ধর্মাবলম্বীদের সার্বিক সহযোগীতার আশ্বাস দেন বিএনপি’র নেতাকর্মীদের। কোথাও কেউ কোন ধরনের বিশৃঙ্খলা করলে তা কঠোর হস্তে দমন করা হবে বলেও হুশিয়ারী দেন তারা।

ঝিনাইদহের মহেশপুরে সংখ্যালঘুদের সংবাদ সম্মেলন

ঝিনাইদহের মহেশপুরে সংখ্যালঘু সম্প্রদায়ের জমি দখল করে খেলার মাঠ বানানোর অভিযোগ উঠেছে স্থানীয় প্রভাবশালীদের বিরুদ্ধে।

ঘটনার প্রতিবাদ ও জমি ফেরত পেতে আজ শনিবার সকালে ঝিনাইদহ প্রেসক্লাবের সংবাদ সম্মেলন করেছে ভুক্তভোগী পরিবার।

সংবাদ সম্মেলনে ভুক্তভোগী পরিবার অভিযোগ করেন, উত্তরাধিকার সুত্রে পাওয়া মহেশপুর উপজেলার গোপালপুর গ্রামের ১০৮ নম্বর হামিদপুর মৌজার ২৮৬৭ নং খতিয়ানের ৪০৩৯ ও ৪০৪০ এই দুই দাগের ১০৪ ও ১০৩ শতক জমির মালিক ভরত দাস ও তার ভাই শম্ভু দাস। প্রায় শত বছর ধরে এই জমি চাষাবাদ করে আসছে তাদের পরিবার। কিন্তু ভুলক্রমে মাঠ জরিপের সময় জমি সরকারের খতিয়ানে রেকর্ড হলে পরে মামলা করে জমি ফেরত পায়। তাদের জমিতে লাগানো ফসল আওয়ামী লীগ সরকার পতনের পর কিছু প্রভাবশালীরা কেটে জমি দখলের চেষ্টা করে। এ নিয়ে আদালতে মামলা করলে আদালত নিষেধাজ্ঞা জারী করে। তা উপেক্ষা করে বৃহস্পতিবার মহেশপুর পৌরসভার কাউন্সিলর বাবুল হোসেন, ওই গ্রামের ইকরামুল, বিপুল, খালেদ হোসেন, জিন্নাহসহ আরও কয়েকজন জমির ফসল নষ্ট করে দখল করে নিয়েছে।

ভরত দাস বলেন, আমরা হিন্দু সম্প্রদায়ের মানুষ জন্ম থেকেই আমরা এই জমিতে চাষাবাদ করে আসছি। কিন্তু বাবু কাউন্সিলর কিছু লোক দিয়ে জমি দখল করে নিচ্ছে। আমাদের জমিতে গেলে হত্যাসহ বিভিন্ন হুমকি ধামকি দিচ্ছে। তাই জীবনের নিরাপত্তাসহ জমি ফেরত পাওয়ার দাবী করছি।

অভিযুক্ত পৌরসভার কাউন্সিলর বাবুল জানান, জমি আমার বাবার না যে আমি দখল করে নিবো। শুনেছিলাম জমি নিয়ে ঝামেলা হয়েছে তাই জমির মালিককে ডেকে জিজ্ঞাসা করেছি। এখন আর আমি ঝামেলার মধ্যে নাই।

ঝিনাইদহে রিক্সা ভ্যান শ্রমিকদলের কর্মী সমাবেশ

ঝিনাইদহে জাতীয়তাবাদী রিক্সা ভ্যান শ্রমিক দলের কর্মী সভা অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার (৭ সেপ্টেম্বর) সকাল থেকে দুপুর পর্যন্ত শহরের পানি উন্নয়ন বোর্ড মাঠে এ সমাবেশ অনুষ্ঠিত হয়।

এতে জেলা রিক্সা ভ্যান শ্রমিক দলের সভাপতি আনোয়ার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা বিএনপির সভাপতি এ্যাড. এম এ মজিদ।

বিশেষ অতিথি ছিলেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা, সদর উপজেলা বিএনপির সভাপতি এ্যাড. মুন্সী কামাল আজাদ পান্নু, জেলা বিএনপির সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল মজিদ বিশ্বাস, সাংগঠনিক সম্পাদক সাজেদুর রহমান পপপু, যুগ্ম সম্পাদক আসিফ ইকবাল মাখন, পৌর বিএনপির ভারপ্রাপ্ত সভাপতি এ্যাড, শামসুজ্জামান লাকী, সাধারণ সম্পাদক আলমগীর হোসেন আলম প্রমুখ। বক্তারা, বৈষম্যহীণ আগামীর বাংলাদেশ গড়তে সকলকে একসাথে কাজ করার আহ্বান জানান। সেই সাথে আগামী দিনে বিএনপি রাস্ট্র ক্ষমতায় এলে দেশের খেটে খাওয়া মেহনতি মানুষের অধিকার রক্ষায় কাজ করবে বলে আশ্বস্ত করেন। সমাবেশ শেষে আনোয়ার হোসেনকে সভাপতি ও আকাশ রহমানকে সাধারণ সম্পাদক করে ৩১ সদস্য বিশিষ্ট রিক্সা ভ্যান শ্রমিকদলের কমিটি গঠন করা হয়।

ঝিনাইদহে গণ অধিকার পরিষদের আনন্দ মিছিল

ঝিনাইদহে গণ অধিকার পরিষদের নিবন্ধন পাওয়া উপলক্ষে আনন্দ মিছিল অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার বিকালে মিছিলটি শহরের উজির আলী স্কুল মাঠ প্রাঙ্গণ থেকে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে পায়রা চত্বরে সমাবেশে মিলিত হয়। পরে পায়রা চত্বর সংক্ষিপ্ত আলোচনার

মাধ্যমে কর্মসূচী শেষ করে।

এ সময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণধিকার পরিষদের ঝিনাইদহ জেলা শাখার সভাপতি শাখাওয়াত হোসেন ও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ পেশাজীবী অধিকার পরিষদের ঝিনাইদহ জেলা শাখার আহ্বায়ক নাসির আল সাদী ও বাংলাদেশ পেশাজীবী অধিকার পরিষদের সিনয়ির যুগ্ম আহ্বায়ক মোঃ মিশন আলী এবং জেলা যুব অধিকার পরিষদের জেলা সাংগঠনিক সম্পাদক সুমন খান সহ ছাত্র অধিকার পরিষদ, শ্রমিক অধিকার পরিষদ, যুব অধিকার পরিষদের বিভিন্ন উপজেলা পর্যায়ের নেতৃবৃন্দ।

মিছিল ও সমাবেশ পরিচালনা করেন গণধিকার পরিষদ ঝিনাইদহ জেলা শাখার সাধারণ সম্পাদক ইকবাল জাহিদ রাজন।

ঝিনাইদহে জোরপুর্বক জমি দখল করে গাছ কাটার অভিযোগ

ঝিনাইদহ সদর উপজেলার পাগলা কানাই ইউনিয়নের বাড়ীবাথান গ্রামে স্কুল কর্মচারীর জমি জোরপুর্বক দখল করে নেওয়ার অভিযোগ উঠেছে। জমি দখল করে জমিতে থাকা বিভিন্ন প্রজাতির গাছও কেটে নিয়েছে ওই ভুমিদস্যুদের। গতকাল বৃহস্পতিবার বিকেলে বাড়ীবাথান গ্রামের দর্গাপাড়া বাজার এলাকায় এ ঘটনা ঘটে।

ভুক্তভোগী ঝিনাইদহ পুলিশ লাইন্স স্কুলের অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর রফিকুল আলম খালেক জানানা, পৈত্রিক সুত্রে তিনি গ্রামের ৪০ শতক জমিতে ৫০ বছর ধরে আবাদ করে আসছেন। একই মৌজার এই জমিতে বনজ গাছ, ফসল ছিলো। কিন্তু প্রতিবেশী ভুমিদস্যু দরবেশ মন্ডলের ছেলে শাজাহান ওই জমি নিজেদের দাবী করে গতকাল বৃহস্পতিবার বিকেলে লোকজন নিয়ে জমি দখল করে। জমিতে থাকা ১০ টি গাছ ও ফসল নষ্ট করে দিয়েছে।

রফিকুল আলম খালেক বলেন, আমরা আমাদের ন্যায্য জমিতে আবাদ করছিলাম।

গায়ের জোরে এই জমি দখল করে নিয়েছে। এখন আমরা জমিতে গেলে হত্যার হুমকি দিচ্ছে। এর আগেও জমিতে মামলা করেছিলো। সেই মামলায় হেরে যাওয়ার পর এখন জোর করে জমি দখল করেছে। আমি থানায় অভিযোগ দিয়েছি। এর সুষ্ঠু বিচার চাই আমি।

ঝিনাইদহ সদর থানার ওসি শাহীন উদ্দিন বলেন, একটি লিখিত অভিযোগ পেয়েছি। বিষয়টি তদন্ত করে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।